

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd.

তারিখ: ১৪/১১/২০১৭খ্রি।


স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.০৬.০০২.১৫-৫০১

বিষয়ঃ ঋণ কার্যক্রমে ব্যবহৃত হিসাব সংখ্যা কমানোর বিষয়ে মতামত আহবান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রমের তহবিল ব্যবস্থাপনায় ২০০৪ সাল হতে প্রতিটি কার্যক্রমে ০৯টি করে ব্যাংক হিসাব ব্যবহার করা হচ্ছে। এতে রাজস্ব কর্মসূচিভুক্ত ০২টি কার্যক্রমে (আঞ্চলিক ও পরিবারভিত্তিক) ৯+টি এবং জোরদারকরণ প্রকল্প/উন্নয়ন প্রকল্পে ০৯টি এবং ইমপ্র্যাক্ট প্রকল্পভুক্ত উপজেলাগুলোতে ০৯টিসহ প্রায় উপজেলায় ৩৬টি হিসাব ব্যবহৃত হচ্ছে। বিভিন্ন সভা/প্রশিক্ষণে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং ক্রেডিটসুপারভাইজারগণ অধিক হিসাব সংখ্যা ব্যবহার জটিলতার কথা উল্লেখ করে হিসাব সংখ্যা কমানোর বিষয়ে অভিমত ব্যক্ত করেছেন। প্রধান কার্যালয়ও এ বিষয়ে নীতিগতভাবে একমত পোষন করে। তবে হিসাব সংখ্যা কমালেও বর্তমান পদ্ধতিতে তহবিল প্রাপ্তি, বিতরণ, কিস্তি ও সার্ভিসচার্জ আদায়, প্রবৃদ্ধি, ঝুঁকি, প্রশাসনিক ও কর্মী পুরস্কার, ৫% ব্যক্তিগত সঞ্চয় ও মাসিক/সাপ্তাহিক সঞ্চয় আদায়ের হিসাব যেভাবে রেজিস্টারে রাখা হচ্ছে সেভাবে দৈনিক, মাস ও বছরভিত্তিক হিসাব সংরক্ষণ করতে হবে তবে কয়েকধরণের টাকা একই হিসাবে জমা হবে। এ লক্ষ্যে যে ভাবনা করা হয়েছে তা নিম্নরূপঃ

নং	বিদ্যমান হিসাবসমূহ	নতুন ভাবনায় হিসাবসমূহ			অর্থ জমার অংশ/ভাগ
		বিলুপ্ত	বিদ্যমানের সংশোধিত/ অনুরূপ	নতুন নাম	
০১.	এসটিডি হিসাব	বিলুপ্ত হবে	-	-	এসটিডি, আদায়কৃত মূলধন জমা ও প্রবৃদ্ধি জমা হিসাবে ৩টি বিলুপ্ত হবে এবং নতুন নামীয় হিসাবে-
০২.	আদায়কৃত মূলধন	-	-	'মূলধন জমা তহবিল'	ক.প্রধান কার্যালয় হতে প্রাপ্ত ও স্থানান্তরে প্রাপ্ত তহবিল, খ.কিস্তি আদায়, গ.আদায়কৃত সার্ভিসচার্জ এর ৬০% (প্রবৃদ্ধি) জমার বিবরণ সাবসিডিয়ারি লেজারে খাতভিত্তিক দৈনিক, মাসিক ও বছরভিত্তিক হিসাব করে মাসভিত্তিক একীভূত করে জমা হবে।
০৩.	প্রবৃদ্ধি জমা তহবিল	বিলুপ্ত	-		
০৪.	ঝুঁকি তহবিল	বিলুপ্ত	-	'প্রবৃদ্ধি বহির্ভূত অর্থ জমা তহবিল'	তিনটি হিসাবকে বিলুপ্ত করে নতুন নামীয় হিসাব পরিচালিত হবে, সেখানে বিলুপ্ত তিনটি হিসাবের জমা সাবসিডিয়ারি লেজারে খাতভিত্তিক দৈনিক, মাসিক ও বছর ভিত্তিক হিসাব করে একীভূতভাবে মাসভিত্তিক জমা হবে।
০৫.	প্রশাসনিক ব্যয় তহবিল	বিলুপ্ত	-		
০৬.	কর্মী পুরস্কার তহবিল	বিলুপ্ত	-		
০৭.	৫% এককালীন/ অগ্রিম সঞ্চয় তহবিল	-	-	'সঞ্চয় জমা তহবিল'	বিলুপ্ত হিসাব ২টি একীভূত করে নতুন নামীয় হিসাব পরিচালিত হবে। এ হিসাবে সংগৃহীত দুই ধরণের সঞ্চয় সাবসিডিয়ারি লেজারে খাতভিত্তিক দৈনিক, মাসিক ও বছর ভিত্তিক হিসাব করে একীভূতভাবে মাসভিত্তিক জমা হবে।
০৮.	মাসিক/সাপ্তাহিক সঞ্চয় জমা তহবিল	-	-		
০৯.	চলতি হিসাব	-	বিদ্যমান থাকবে	-	বিদ্যমানের মত অন্য হিসাব হতে আভ্যন্তরীন স্থানান্তরের মাধ্যমে শুধুমাত্র বিতরণ করা হবে।

এ উদ্যোগের ফলে ঋণ কার্যক্রমে ব্যবহৃত হিসাব সংখ্যা ৯টির স্থলে ৪টির মাধ্যমে যাবতীয় কার্যাদি
সূচারূপে সম্পাদন সম্ভব হবে। এতে ব্যাংক হিসাব পরিচালনা বিষয়ক জটিলতা লাঘব হবে এবং কার্যক্রম পরিচালনা
সহজতর হবে। কাজেই ব্যাংকের হিসাব সংখ্যা বিদ্যমান ৯টি হতে ৪টিতে কমিয়ে আনাসংক্রান্ত ভাবনা বিষয় আপনার
মতামত লিখিতভাবে ১০/১২/২০১৭খ্রি তারিখের মধ্যে দারিদ্র বিমোচন ও ঋণ শাখামূল পাঠ্যতে অনুরোধ করা হলো।


 (মোঃ শাহীনুর রহমান)
 সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)
 ফোনঃ ৯৫৬৭৭২১
Email-addydp@gmail.com

প্রাপকঃ

- ১। উপ-পরিচালক (সকল)/অধ্যক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর,.....প্রধান কার্যালয়/জেলা।
- ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,.....উপজেলাজেলা।
- ৩। ক্রেডিটসুপারভাইজার(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,.....উপজেলাজেলা।
- ৪। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,.....উপজেলাজেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে বিতরণঃ

- ১। পরিচালক,(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। দপ্তর নথি।